

## 💵 দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ মহিলা ও পর্দা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

সত্তর আশি বছরের বৃদ্ধ যদি বেগানা পুরুষকে পর্দা না করে, তাহলে কোন ক্ষতি আছে কি?

সত্তর আশি বছরের বৃদ্ধার জন্য পর্দা ফরয থাকে না। সে বেগানা পুরুষকে দেখা দিতে পারে। তবে শর্ত হল, সে যেন সেজেগুজে প্রসাধন করে বের না হয়। মহান আল্লাহ বলেছেন, "বৃদ্ধা নারী; যারা বিবাহের আশা রাখে না, তাদের জন্য অপরাধ নেই; যদি তারা তাদের সৌন্দর্য প্রদর্শন না করে তাদের বহির্বাস খুলে রাখে।" (নূরঃ ৬০)

তবে বৃদ্ধের পর্দা করাটাই উত্তম। যেহেতু মহান আল্লাহ বলেছেন, "তবে এ থেকে তাদের বিরত থাকাই তাদের জন্য উত্তম। আর আল্লাহ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।" (নূরঃ ৬০)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=414

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন